

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৪৬(আগরতলা ২৬। ১০)

আগরতলা, ২৬ অক্টোবর, ২০২৩

প্রেস নোটে রাজ্যপাল

সমৃদ্ধ ও স্বনির্ভর ত্রিপুরা গড়ে তুলতে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে

ত্রিপুরার রাজ্যপাল হিসেবে দায়িত্বভার গ্রহণ করে আজ রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নল্লু এক প্রেস নোটে রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। তাছাড়াও আজ শপথ গ্রহণ অনুষ্ঠানে যারা উপস্থিত ছিলেন তাদেরকেও রাজ্যপাল অভিনন্দন ও শুভেচ্ছা জানান। রাজ্যপাল প্রেস নোটে রাজ্য ও কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর সদস্যদের যারা নাগরিকদের সহযোগিতায় আমাদের রাজ্য তথা দেশের সুরক্ষার জন্য সীমান্তে, আকাশে ও সমুদ্রে প্রত্যারণে রয়েছেন তাদেরকেও অভিনন্দন জানান।

প্রেস নোটে রাজ্যপাল আজকের শপথ গ্রহণ অনুষ্ঠানকে এক বিশেষ মুহূর্ত হিসেবে অভিহিত করেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নল্লু বলেন, সমৃদ্ধ, স্বনির্ভর ও উত্তর-পূর্বাঞ্চলের এক মডেল রাজ্য হিসেবে ত্রিপুরাকে গড়ে তুলতে তার সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। রাজ্যের নাগরিকদের কল্যাণে কেন্দ্রীয় ও রাজ্য প্রকল্পের আওতায় বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার যোগ্য নেতৃত্বে। রাজ্যপালের দায়িত্বভার অর্পণ করে তার প্রতি আস্থা রাখায় তিনি দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ জানান। শপথ গ্রহণ অনুষ্ঠানে তাঁকে শপথ বাক্য পাঠ করানোয় রাজ্যপাল ত্রিপুরা হাইকোর্টের মুখ্য বিচারপতি ও অনুষ্ঠানে উপস্থিত সমস্ত আধিকারিক, সংবাদমাধ্যম, সমাজসেবী ও আত্মীয় পরিজনদেরও ধন্যবাদ জানান। রাজ্যপাল বলেন, ত্রিপুরা হাইকোর্টের দুই বিচারপতির শপথ গ্রহণের অনুমোদনপত্রে স্বাক্ষর করার মধ্যদিয়ে তিনি ইতিমধ্যে তাঁর কাজ শুরু করেছেন। রাজ্যপাল জানান, রাজ্যের নাগরিকদের সেবায় তিনি কাজ করে যাবেন।
